



202149 - একজন মৃতব্যক্তির পক্ষ থেকে একই সময় দুই ব্যক্তির উমরা আদায় করা কি জায়যে?

প্রশ্ন

এক মা ও তার সন্তান তার পতির পক্ষ থেকে একই সময়ে উমরা আদায় করতে চান। তার পতি মৃত। এভাবে উমরা করা কি জায়যে হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

হ্যাঁ,

দুই ব্যক্তির জন্য একই সময়ে একই ব্যক্তির পক্ষ থেকে উমরা আদায় করা জায়যে। তবে উভয়কে ঐ ব্যক্তির পক্ষ থেকে স্বতন্ত্র দুইটি উমরা পালন করতে হবে। ইবনে কুদামা (রহঃ) বলেন: যদি দুইজন ব্যক্তিকে বদলি হজ্জ করার জন্য দয়া হয়; একটি ফরজ হজ্জ; অন্যটি মানতের হজ্জ অথবা নফল হজ্জ সেক্ষেত্রে যে ব্যক্তি আগে ইহরাম বাঁধবে তাঁর ইহরামটি ফরজ হজ্জের ইহরাম হিসেবে গণ্য হবে। দ্বিতীয় ব্যক্তির ইহরাম নফল হিসেবে কিংবা মানত হজ্জের ইহরাম হিসেবে পরিগণিত হবে। কেননা, যার উপর হজ্জ ফরজ তার ইহরাম ফরজ হজ্জের ইহরাম হিসেবেই সংঘটিত হয়ে থাকে। অনুরূপভাবে তার প্রতিনিধির ইহরামও ফরজ হজ্জের ইহরাম হিসেবেই সংঘটিত হবে। [আল-মুগনি ৩/১০৪]

শাইখ উছাইমীন (রহঃ) বলেন:

মাসয়ালা: এক ব্যক্তি কি একই বছর একাধিক ব্যক্তিকে দিয়ে হজ্জ করতে পারেন?

উত্তর: সঠিক জায়যে। যদি দুই এর অধিক ব্যক্তিকে একই বছর বদলি হজ্জ করানোর দায়িত্ব দয়া হয় তাহলে কার হজ্জটি ফরজ হজ্জ হিসেবে আদায় হবে? উত্তর হচ্ছে- যিনি সবার আগে ইহরাম বাঁধবে তাঁর হজ্জটি ফরজ হজ্জ হিসেবে আদায় হবে। দ্বিতীয়জনেরটি নফল হিসেবে আদায় হবে। [আল-শারহুল মুমতি (৭/৩৩)]

এর ভিত্তিতে বলা যায়, আপনাদের দুজনের জন্য মৃতব্যক্তির পক্ষ থেকে উমরা আদায় করা জায়যে হবে। আপনাদের প্রত্যেকে মৃত ব্যক্তির পক্ষ থেকে একটি স্বতন্ত্র উমরা আদায় করার নিয়ত করতে হবে।

আল্লাহই ভাল জানেন।